5

দৈনিক সংবাদ

তারিখ 10-DEC-1994
পৃষ্ঠা ৪ কলাম ৪

## শিক্ষামন্ত্রী সমীপে

বাংলাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে সহকারী শিক্ষকের শূন্য পদ পূরণের জন্য বেশকিছু সহকারী শিক্ষক নিয়োগ করা হয়েছে অথবা আত্তীকৃত হয়েছে। এদের মধ্যে কিছুসংখ্যক শিক্ষক যাদের শিক্ষাগত যোগ্যতায় দুই, তিন বা ততোধিক প্রথম বিভাগ অথবা শ্রেণী রয়েছে। কিন্তু যেহেতু সহসা পদোন্নতির সম্ভাবনা অথবা ব্যবস্থা নেই, তাই তারা শিক্ষকতায় ইস্তফা দিয়ে সরকারের অন্য বিভাগে চলে যাচ্ছেন। উপরন্তু পদোন্নতি ব্যবস্থা এত মন্থর যে, যখন পদোন্নতি হয় তখন হয়তো দেখা যায় তার চাকরিকাল ৩/৪ বছর রয়েছে। এ বয়সে প্রতিষ্ঠান পরিচালনায় যে কর্মতৎপরতার প্রয়োজন তা বয়সের কারণে অসম্ভব হয়ে পড়ে। এসব প্রতিভাবানকে মাধ্যমিক স্তরে ধরে রাখলে ছাত্রছাত্রীরা যেমন উপকৃত হবে তেমনি শিক্ষা বিভাগেও যোগ্যতর প্রশাসক সৃষ্টি হবে। এদের ধরে রাখার জন্য আমার প্রস্তাবটি হচ্ছে– যাদের তিন বা ততোধিক প্রথম বিভাগ/ শ্রেণী রয়েছে তাদের ক্ষেত্রে ৪/৫ বছর এবং যাদের এক বা একাধিক প্রথম বিভাগ বা শ্রেণী রয়েছে তাদের ক্ষেত্রে ৮/৯ বছরের অভিজ্ঞতা হলেই একটি পদোন্নতির ব্যবস্থা করা যেতে পারে। এ বিষয়ে নীতি নির্ধারকগণ উত্তম কোন পদ্ধতিও প্রয়োগ করতে পারেন। বিষয়টির প্রতি মাধ্যমিক স্তরের (সরকারি) শিক্ষার্থীদের স্বার্থে কর্তৃপক্ষ সদয় দৃষ্টি দেবেনকি?

মোঃ ফজলুর রহমান
সহকারী শিক্ষক,
নওগাঁ জেলা স্কুল, নওগাঁ।